# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৩৪৮

১/ বিবিধ

আরবী

هو الوزغ بن الوزغ الملعون بن الملعون: يعني مروان بن الحكم

موضوع

أخرجه الحاكم (4 / 479) من طريق ميناء مولى عبد الرحمن بن عوف عن عبد الرحمن بن عوف قال: كان لا يولد لأحد مولود إلا أتى به النبي صلى الله عليه وسلم فدعا له، فأدخل عليه مروان بن الحكم فقال ... فذكره، قال الحاكم: صحيح الإسناد ورده الذهبي بقوله: قلت: لا والله، وميناء كذبه أبو حاتم

قلت: وقال ابن معين في كتاب " التاريخ والعلل " (13 / 2) : ليس بثقة ولا مأمون، وربما قال: من ميناء أبعده الله؟ ! ، وقال يعقوب بن سفيان: غير ثقة ولا مأمون، يجب أن لا يكتب حديثه

বাংলা

৩৪৮। সে টিকটিকির বাচ্চা টিকটিকি (কাপুরুষের বাচ্চা কাপুরুষ), অভিশপ্তের বাচ্চা অভিশপ্ত; অর্থাৎ মারওয়ান ইবনুল হাকাম।

হাদীসটি জাল।

এটিকে হাকিম (৪/৪৭৯) আব্দুর রহমান ইবনু আউফের দাস মীনা সূত্রে ... বর্ণনা করেছেন। অতঃপর (হাকিম) বলেছেনঃ সনদটি সহীহ। যাহাবী তার প্রতিবাদ করে বলেছেনঃ আল্লাহর কসম তা নয়! মীনাকে আবু হাতিম মিথ্যুক আখ্যা দিয়েছেন।

আমি (আলবানী) বলছি ঃ ইবনু মাঈন “আত-তারীখু ওয়াল ইলাল” গ্রন্থে (২/১৩) বলেছেনঃ তিনি নির্ভরযোগ্য নন এবং নিরাপদও নন। কখনও কখনও বলেছেনঃ কে এ মীনা আল্লাহ তাকে দূর করুন।

ইয়াকুব ইবনু সুফিয়ান বলেনঃ তিনি নির্ভরযোগ্য নন এবং নিরাপদও নন। তার হাদীস না লিখা ওয়াজিব।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=67933

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন